**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 12–03–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

(১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যবাসীর মৌলিক অধিকারকে সুনিশ্চিত করতে সরকার আন্তরিকভাবে কাজ করছে ।

(২) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে ভিডিও কনফারেন্সিং মাধ্যমে দেশের নানাপ্রান্তের সাথে ঊনকোটি জেলার কুমারঘাট রেল স্টেশন চত্বরে " এক স্টেশন,এক পণ্য" স্টলের উদ্বোধন করেন ।

(৩) প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদি আজ গুজরাটের আহমেদাবাদে ১ লক্ষ ৬ হাজার কোটি টাকার বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন ।

(৪) ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেড ও টি বোর্ড ইন্ডিয়া যৌথ উদ্যোগে আজ রান ফর টি অনুষ্ঠিত হয় ।

****************************************

Beautification-CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, রাজ্যবাসীর মৌলিক অধিকারকে সুনিশ্চিত করতে সরকার আন্তরিকভাবে কাজ করছে। আজ আগরতলা পুরনিগমের ৪৩ নম্বর ওয়ার্ডের প্রতাপগড় ঋষি কলোনীতে পুকুরের পুনরুজ্জীবন ও সৌন্দর্যায়নের ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, প্রতি ঘরে সুশাসন অভিযান এবং বিকশিত ভারত সংকল্প যাত্রা কর্মসূচির মাধ্যমে সরকারের প্রকল্প ও পরিষেবার সুযোগ ঘরে ঘরে পৌঁছে দেওয়া হচ্ছে। মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যে প্রায় সাড়ে ৫ লক্ষ মহিলা এই স্বসহায়ক গোষ্ঠীর সাথে যুক্ত রয়েছেন। মহিলাদের ক্ষমতায়ন ও তাদের সুরক্ষা প্রদানে সরকারের বিভিন্ন পদক্ষেপসমূহের কথা মুখ্যমন্ত্রী বিস্তারিতভাবে উল্লেখ করেন। তিনি আরও বলেন, রাজ্যের জনগনের কাছে স্বাস্থ্য পরিষেবার সুবিধা পৌছে দিতে রাজ্য সরকার আয়ুষ্মান ভারত-প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনার মতো চিফ মিনিষ্টার জন আরোগ্য যোজনা চালু করেছে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুরনিগমের মেয়র দীপক মজুমদার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত, আগরতলা পুরনিগমের কমিশনার ড. শৈলেশ কুমার যাদব প্রমুখ।

*****************************

**Kumarghat Rail Station :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকালে ভিডিও কনফারেন্সিং মাধ্যমে দেশের নানাপ্রান্তের সাথে ঊনকোটি জেলার কুমারঘাট রেল স্টেশন চত্বরে " এক স্টেশন,এক পণ্য" এর স্টলের উদ্বোধন করেন। কুমারঘাট রেল স্টেশনে ক্যুইন জাতের আনারস পণ্য হিসাবে বিবেচিত হয়েছে।

এ উপলক্ষ্যে কুমারঘাট রেল স্টেশন প্রাঙ্গণে অনুষ্ঠানে বক্তব্য রাখেন, বিধায়ক ভগবান চন্দ্র দাস, ডিভিশন্যাল রেলওয়ে ইউজার কনসাল্টটেটিভ কমিটির সদস্য বিকাশেন্দু দেব প্রমুখ।

তাঁরা রেলযাত্রী ও নাগরিকদের জন্য বিপনন স্টল চালু করায় সন্তোষ ব্যক্ত করে প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান।

************************

**CM, Nagerjala :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ নাগেরজলায় আধুনিক বাস টারমিনালের উদ্বোধন করে বলেন, সচেতনভাবে গাড়ি চালালে দুর্ঘটনা এড়ানো অনেকটাই সহজ। তিনি বলেন এই বাস টার্মিনালটি আগামীদিনে যাত্রী পরিষেবায় নতুন মাত্রা যোগ করবে। এই বাসস্ট্যান্ডটি উন্নতিকরনের জন্য ১৬ কোটি ৮৮ লক্ষ টাকা খরচ হয়েছে। অনুষ্ঠানে পরিবহন মন্ত্রী সুশান্ত চৌধুরী বলেন, দুর্ঘটনা রোধে সাধারণ জনগণকে আরো বেশি সচেতন হতে হবে। আগরতলা পুর নিগমের মেয়র দীপক মজুমদার ষ বলেন, নাগের-জলা শ্যামাপ্রসাদ মুখার্জী বাস টার্মিনালের সৌন্দর্য বজায় রাখতে হবে। উপস্থিত ছিলেন TRTC এর চেয়ারম্যান বলাই গোস্বামী, স্থানীয় কর্পোরেটর সহ পরিবহন দপ্তরের আধিকারিকরা।

***************************

**International Women’s Day-West :**

শিল্প ও বাণিজ্যমন্ত্রী শান্ত্বনা চাকমা বলেছেন, রাজ্যের মহিলাদের স্বশক্তিকরণের লক্ষ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ নিয়েছে। স্বসহায়ক দলগুলির সাথে যুক্ত করে গ্রামীণ এলাকার মহিলাদের স্বনির্ভর

করে তোলা হচ্ছে। আজ আগরতলা টাউনহলে পশ্চিম ত্রিপুরা জেলাভিত্তিক আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে এক আলোচনাসভায় তিনি একথা বলেন। সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর আয়োজিত এই আলোচনাসভার উদ্বোধন করেন সমাজকল্যাণ ও সমাজশিক্ষামন্ত্রী টিংকু রায়।

মন্ত্রী শ্রী রায় বলেন, রাজ্যে মহিলারা বিভিন্ন সরকারি সহায়তায় আত্মনির্ভর হয়ে উঠছেন। ইতিমধ্যেই স্বসহায়ক দলের সাথে যুক্ত রাজ্যের ৮৩ হাজার মহিলা লাখপতি দিদি হয়েছেন।

বিধানসভার মুখ্যসচেতক বিধায়ক কল্যাণী রায় বলেন, বেটি বাঁচাও, বেটি পড়াও, সুকন্যা সমৃদ্ধি, লাখপতি দিদি প্রভৃতি যোজনার লক্ষ্য হলো মহিলাদের স্বাবলম্বী করে গড়ে তোলা। আলোচনাসভায় অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বিধায়ক মিনারাণী সরকার, পদ্মশ্রী স্মৃতিরেখা চাকমা, পশ্চিম ত্রিপুরার অতিরিক্ত জেলাশাসক প্রশান্ত বাদল নেগি প্রমুখ।

****************************

**Women’s Day-Jolaibari :**

সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া বলেছেন, নারী স্বশক্তিকরণ ও নারীদের নিরাপত্তা রক্ষায় সরকার অগ্রাধিকার দিয়েছে। রাজ্যে সরকারি চাকরিতে মহিলাদের জন্য ৩৩ শতাংশ পদ সংরক্ষণের ব্যবস্থা করা হয়েছে। আজ জোলাইবাড়ি কমিউনিটি হলে আন্তর্জাতিক নারী দিবস উদযাপন অনুষ্ঠানে সমবায়মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া একথা বলেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিধায়ক স্বপ্না মজুমদার, শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভারতচন্দ্রনগর, ঋষ্যমুখ, পোয়াংবাড়ি, রূপাইছড়ি, জোলাইবাড়ি

পঞ্চায়েত সমিতি ও বিএসি'র চেয়ারম্যানগণ। সমবায় মন্ত্রী শুক্লাচরণ নোয়াতিয়া আজ ঠাকুরছড়া, বড়পাথরীছড়া ও মহুরীনদীর উপর তিনটি পাকা সেতুর উদ্বোধন করেন।

**************************

**Vidya Samikha Kendra-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা আজ আগরতলায় শিশু বিহার উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের পুরাতন কমপ্লেক্সে বিদ্যা সমীক্ষা কেন্দ্রের উদ্বোধন করেন। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বলেন, বিদ্যা সমীক্ষা কেন্দ্রের মাধ্যমে সরকারি নীতির বাস্তবায়ন, শিক্ষার সঠিক মূল্যায়ন, ছাত্রছাত্রীদের মানসিক বিকাশ দ্রুত ফলপ্রসূ হবে। বিদ্যা সমীক্ষা কেন্দ্রের সুবিধা হচ্ছে আর্টিফিসিয়াল ইন্টেলিজেন্স ব্যবহারের মাধ্যমে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি, শিক্ষার্থীদের পারফরম্যান্স, শিক্ষক শিক্ষিকাদের উপস্থিতি, শিক্ষক শিক্ষিকাদের প্রশিক্ষণ সহ নানা ব্যবস্থা রয়েছে। বর্তমানে দেশের প্রায় ১৩ কোটি ছাত্রছাত্রী বিদ্যা সমীক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্ত রয়েছে। আগামী বছর এই সংখ্যা ২৫ কোটিতে পৌঁছানোর সম্ভাবনা রয়েছে বলে মুখ্যমন্ত্রী আশা ব্যক্ত করেন। অনুষ্ঠানে শিক্ষা দপ্তরের বিশেষ সচিব রাভেল হেমেন্দ্র কুমার বুনিয়াদি শিক্ষা অধিকর্তা স্মিতা মল এবং সমগ্র শিক্ষার রাজ্য প্রকল্প অধিকর্তা এন সি শর্মা বক্তব্য রাখেন।

***************************

**ARDD Minister-Fatikroy :**

প্রাণীসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস বলেছেন, পাখি হচ্ছে প্রকৃতির অমূল্য সম্পদ। মনোরম প্রাকৃতিক পরিবেশ তৈরির অন্যতম কারিগর পাখিদের রক্ষা করা আমাদের নৈতিক কর্তব্য।

আজ ঊনকোটি জেলার ফটিকরায়ের নজরুল কলাকেন্দ্রে তৃতীয় পাখি উৎসব -২০২৪ এর উদ্বোধন করে তিনি ভাষন দিচ্ছিলেন।

এখানে বিভিন্ন প্রজাতির পাখিদের ছবি প্রদর্শিত হয়। পাশাপাশি ঊনকোটি জেলার পাখি শীর্ষক পুস্তিকার আবরণ উন্মোচন করা হয়।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, বন দপ্তরের বন সংরক্ষক ডক্টর ডব্‌লু, ভুটিয়া, জেলা বন আধিকারিক কৃষ্ণগোপাল রায় প্রমুখ।

*************************

**IT facilities-Gomati :**

অর্থমন্ত্রী প্রনজিৎ সিংহ রায় আজ কাকড়াবনে কৃষি উন্নয়ন ও গবেষণা প্রশিক্ষন কেন্দ্রের নব নির্মিত ভবনের দ্বারউদ্ঘাটন করেন। NEC-র অর্থানুকুল্যে এই ভবনটি নির্মাণে ব্যয় হয়েছে এক কোটি ৭০ লক্ষ ৫০ হাজার টাকা। অনুষ্ঠানে অর্থমন্ত্রী রাজ্যে কৃষির উন্নয়নে রাজ্য সরকারের উদ্যোগ সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন। এ উপলক্ষ্যে অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন গোমতী জিলা পরিষদের সহকারি সভাধিপতি দেবল দেবরায়, বিধায়ক অভিষেক দেবরায় ও জিতেন্দ্র মজুমদার।

****************************

**Vulnerable Witness Deposition Centre :**

কৈলাশহরের আদালত চত্বরে আজ বিকালে উদ্বোধন হলো ভার্নারেবল উইটনেস ডিপোজিশন সেন্টারের। পাশাপাশি শিশুদের রক্ষনাবেক্ষণ কক্ষ বা ক্রেস চালু করা হয়।

ঊনকোটি জেলার জেলা ও দায়রা জজ সুদীপ্তা চৌধুরী এর উদ্বোধন করেন। উপস্থিত ছিলেন, অতিরিক্ত জেলা ও দায়রা জজ এ,কে, সিং সহ বিভিন্ন আদালতের বিচারকগণ।

এক সাক্ষাৎকারে জেলা ও দায়রা জজ সুদীপ্তা চৌধুরী জানান, সুপ্রীমকোর্টের নির্দেশ অনুযায়ী আদালতে বিচারাধীন স্পর্শকাতর সাক্ষীদের সুবিধার জন্য এই কেন্দ্রটি চালু করা হয়েছে। আদালতে অভিভাবকদের সংগে আসা শিশুদের উপযুক্ত দেখাশোনার প্রয়োজনে Creche চালু করা হয়েছে।

***************************

**PM, Ahmedabad :**

প্রধানমন্ত্রী, নরেন্দ্র মোদি আজ গুজরাটের আহমেদাবাদে ডেডিকেটেড ফ্রেইট করিডোরের অপারেশন কন্ট্রোল সেন্টারে ১ লক্ষ ৬ হাজার কোটি টাকার বেশি মূল্যের বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন এবং জাতির উদ্দেশ্যে উৎসর্গ করেছেন। আজকের উন্নয়ন প্রকল্পগুলি রেলওয়ে পরিকাঠামো, সংযোগ এবং পেট্রোকেমিক্যাল সহ একাধিক ক্ষেত্র সংক্রান্ত। তিনি ১০টি নতুন বন্দে ভারত ট্রেনের সূচনা করেন।

সারা দেশে একাধিক উন্নয়ন প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপনের মাধ্যমে বিকশিত ভারত তৈরির জন্য উন্নয়ন কাজগুলি ক্রমাগত প্রসারিত হচ্ছে বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেন। তিনি বলেন, ২০২৪ সালের ৭৫ দিনে, ১১ লক্ষ কোটি টাকারও বেশি

মূল্যের প্রকল্প উদ্বোধন করা হয়েছে বা ভিত্তিপ্রস্তর স্থাপন করা হয়েছে এবং গত ১০-১২ দিনে ৭ লক্ষ কোটি টাকার প্রকল্পের উদ্বোধন করা হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন যে ২০১৪ সালের আগে, উত্তর-পূর্বের ৬টি রাজধানীতে রেল যোগাযোগ ছিল না। প্রধানমন্ত্রী বলেন, এখন রেলের উন্নয়ন সরকারের শীর্ষ অগ্রাধিকারের মধ্যে রয়েছে। প্রধানমন্ত্রী বলেন, "রেলওয়ের রূপান্তরই বিকশিত ভারতের গ্যারান্টি।

***************************

**PM :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ সবরমতি আশ্রম পরিদর্শন করেন এবং কোচরাব আশ্রমের উদ্বোধন করেন। তিনি আজ গান্ধী আশ্রম স্মৃতিসৌধের মাস্টার প্ল্যান চালু করেন। প্রধানমন্ত্রী মহাত্মা গান্ধীর মূর্তির প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করেন এবং হৃদয় কুঞ্জ পরিদর্শন করেন।

১২ই মার্চ মহাত্মা গান্ধী কর্তৃক ডান্ডি মার্চের সূচনার কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে এই ঐতিহাসিক দিনটি স্বাধীন ভারতে একটি নতুন যুগের সূচনার সাক্ষী। ১২ই মার্চে সবরমতী আশ্রম থেকে আজাদি কা অমৃত মহোৎসবের সূচনার কথাও উল্লেখ করেন তিনি। তিনি বলেন, অমৃত কালে তিন কোটিরও বেশি মানুষ পঞ্চ প্রাণের শপথ গ্রহন করেছেন। প্রধানমন্ত্রী ৭০ হাজারেরও বেশি অমৃত সরোবর, হর ঘর তিরঙ্গা প্রচারাভিযানের কথা উল্লেখ করেন।

গ্রামের ক্ষমতায়নের কথা উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন যে বাপুর গ্রাম স্বরাজের স্বপ্ন জীবন্ত হয়ে উঠছে।

সরকারের প্রচেষ্টায় গত ১০ বছরে ২৫ কোটি মানুষ দারিদ্র্য থেকে বেরিয়ে এসেছেন বলেও উল্লেখ করেন প্রধানমন্ত্রী। তিনি মহাকাশ ক্ষেত্রে ভারতের সাম্প্রতিক কৃতিত্বের কথাও তুলে ধরেন।

************************

**Congress Press Meet :**

প্রদেশ কংগ্রেস সভাপতি আশিস কুমার সাহা আজ আগরতলার কংগ্রেস ভবনে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে, সুপ্রিমকোর্টের নির্দেশ মতো অবিলম্বে এস বি আই -এর ইলেক্টোরাল বন্ড অনুযায়ী কারা কারা কোন দলকে কত টাকার বন্ড দিয়েছে তার বিবরন প্রকাশের দাবি জানিয়েছেন। তাছাড়া তিনি কেন্দ্রীয় সরকারের নাগরিক সংশোধনী আইন বা সি এ এ চালুর সিদ্ধান্তের সমালোচনা করেন। শ্রী সাহা তিপরা মথা, কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের মধ্যে সাক্ষরিত ত্রিপক্ষীয় চুক্তির বিস্তারিত প্রকাশের দাবি জানিয়েছেন।

****************************

**SBI Bond :**

সুপ্রিমকোর্টের নির্দেশিকা অনুসারে স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া আজ নির্বাচন কমিশনের কাছে নির্বাচনী বন্ড সংক্রান্ত যাবতীয় তথ্য জমা দিয়েছে। নির্বাচন কমিশন সুত্রে এখবর জানা গেছে।

*******************************

**Governor :**

নাগাল্যান্ডের রাজ্যপাল লা গণেশন আজ রাজভবনে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লুর সঙ্গে এক সাক্ষাতকারে মিলিত হন। নাগাল্যান্ড ও ত্রিপুরায় জনকল্যাণে রূপায়িত বিভিন্ন প্রকল্প নিয়ে উভয়ের মধ্যে আলোচনা হয়।

*****************************

**Rajib Bhattacharjee :**

প্রদেশ বিজেপি সভাপতি রাজীব ভট্টাচার্য আজ আগরতলা পুর নিগমের ২৩নং ওয়ার্ডের সুবিধাভোগীদের সঙ্গে মতবিনিময় করেন। মতবিনিময়ের সময় তিনি প্রধানমন্ত্রী আবাস যোজনা সহ রাজ্য সরকার ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন সম্পর্কে খোঁজখবর নেন।

**************************

**Human trafficking :**

মানব পাচারের সঙ্গে যুক্ত এক ব্যক্তিকে আজ জিআরপি বক্সনগর এলাকা থেকে গ্রেপ্তার করেছে। ধৃত ব্যক্তির বিরুদ্ধে, বাংলাদেশের নাগরিকদের রেলের মাধ্যমে বিভিন্ন জায়গায় পাচার করার অভিযোগ রয়েছে। আগামীকাল ঐ ব্যক্তিকে আদালতে সোপার্দ করা হবে বলে জিআরপি সূত্রে জানা যায়।

*************************

**International Women's Day & Poshan Pakhwada :**

আন্তর্জাতিক মহিলা দিবস ও পোষন পক্ষ উদযাপন উপলক্ষে এক অনুষ্ঠান আজ কৈলাশহরের ঊনকোটি কলাক্ষেত্রে অনুষ্ঠিত হয়। এই কর্মসূচির আনুষ্ঠানিক উদ্বোধন করেন, ঊনকোটি জেলার

জেলা শাসক দিলীপ কুমার চাকমা। প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার পুলিশ সুপার কান্তা জানগির। স্বাগত বক্তব্য রাখেন, সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তরের জেলা পরিদর্শক বিদ্যাসাগর দেববর্মা।

সমাজ কল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর ও ত্রিপুরা গ্রামীণ আ-জীবিকা মিশন যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

অনুষ্ঠানে স্ব স্ব ক্ষেত্রে কৃতিত্বের জন্য নয়জন মহিলাকে পুরস্কৃত করা হয়।

আজকের অনুষ্ঠানের সভানেত্রী ছিলেন, কৈলাশহর পুর পরিষদের চেয়ারপার্সন চপলা রাণী দেবরায়।

***************************

**Run for Tea :**

শিল্প ও বাণিজ্য মন্ত্রী শান্তনা চাকমা আজ বীরচন্দ্র স্টেট সেন্ট্রাল লাইব্রেরী প্রাঙ্গন থেকে ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেড ও টি বোর্ড ইন্ডিয়া যৌথ উদ্যোগে আয়োজিত রান ফর টি'র সূচনা করেন। র‍্যালিতে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়, ত্রিপুরা চা উন্নয়ন নিগম লিমিটেডের চেয়ারম্যান সমীর রঞ্জন ঘোষ, বিধায়ক রামপদ জমাতিয়া, টি বোর্ড অব ইন্ডিয়ার প্রতিনিধি পার্থ দাস প্রমুখ অংশ গ্রহণ করেন। তাছাড়া ট্রাফিক পুলিশ, শারীর শিক্ষক, বিভিন্ন কোচিং সেন্টারের খেলোয়াড়গণ, এন জি ও এবং বিভিন্ন স্কুল ও কলেজের ছাত্র-ছাত্রীসহ প্রায় ২০০০ জন প্রতিনিধি এই কর্মসূচিতে অংশগ্রহণ করেন।

****************************

**Super Division :**

টিসিএ পরিচালিত ঘরোয়া সুপার ডিভিশন লিগ ক্রিকেট প্রতিযোগিতার একদিনের সীমিত ওভারের আসরে আজ দুটি খেলা হয়। এতে সংহতি ক্লাব ও স্ফুলিঙ্গ ক্লাব জয়লাভ করেছে। নরসিংগড়ের টিআইটি মাঠে অনুষ্ঠিত খেলায় স্ফুলিঙ্গ ক্লাব ১ রানে জয়নগর ক্রিকেট ক্লাবকে এবং এমবিবি স্টেডিয়ামে সংহতি ক্লাব ১৫ রানে শতদল সংঘকে পরাজিত করে।

*******************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। তাপমাত্রা সর্বোচ্চ বত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন উনিশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল তেত্রিশ দশমিক দুই ডিগ্রি এবং সর্বনিম্ন পনের দশমিক নয় ডিগ্রী সেলসিয়াস।

*****************************